# উপজেলা পরিষদের নভেম্বর/২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী

উপজেলা-কাউখালী, জেলা-পিরোজপুর।

সভা নং ঃ ১১/২০২১

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ আবু সাঈদ মিঞা<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কাউখালী, পিরোজপুর। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, কাউখালী, পিরোজপুর। |
| তারিখ ও সময় | ঃ | ২২/১১/২০২১ খ্রিঃ, সকালঃ ১০:৩০ ঘটিকা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | ঃ | স্বাক্ষর (স্বাক্ষরের ক্রমানুসারে) এবং সদস্যদের নামের তালিকা রেজিষ্টারে সংরক্ষিত। |

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার আহ্বানের মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, কাউখালী সভাপতিকে ধন্যবাদ জানিয়ে সভায় পূর্ববর্তী মাসের রেজুলেশন পাঠ করে শুনান এবং কোন পরিবর্তন সংযোজন বিয়োজন না থাকায় রেজুলেশনটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর পরিচালনা শুরু করেন এবং উপস্থিত সদস্যবৃন্দের বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে গঠনমূলক আলোচনার অনুরোধ জানালে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়।

০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ ঃ

উপজেলা পরিষদের অক্টোবর /২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হলে কোন সংশোধনী না থাকায় তা' সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০২। বিভাগীয় আলোচনা ঃ

(ক) উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার সভায় জানান তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। তিনি আরো জানান যে সরকার নতুন করে ৩১০০০ করোনা ভ্যাকসিন বরাদ্দ প্রদান করেছে। স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর থেকে কাউখালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ১০০ শয্যা বিশিষ্ট নতুন ভবন নির্মাণ করা হবে। নতুন ভবন এর স্থান নির্বাচনের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয় ঃ<br>০১। করোনা ভ্যাকসিন কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করার অনুরোধ জানানো হয়।<br>০২। স্থানীয় জনপ্রতিনিধি ও রাজনৈতিক ব্যক্তিবর্গের সমন্বয়ে নতুন ভবনের জায়গা নির্বাচন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(খ) উপজেলা শিক্ষা বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। ৪০নং সাপলেজা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ হবে বিধায় কিছু গাছ নিলাম বিক্রয় করতে হবে। | বিদ্যালয়ের গাছ নিলাম বিক্রয়ের জন্য উপজেলা নিলাম বিক্রয় কমিটিকে অনুরোধ জানানো হয়। | উপজেলা নিলাম বিক্রয় কমিটি কাউখালী, পিরোজপুর। |

(গ) উপজেলা কৃষি বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। প্রাকৃতিক দুর্যোগ না হলে এবছর আমন মৌসুমে বাম্পার ফলন হবে মর্মে জানান। ৪৩৭০ জন কৃষকদের মধ্যে রবি মৌসুমের প্রণোদনা পাওয়া গিয়েছে। বোরো ধান, খেসারি, গম, ভুট্টা, সূর্যমুখী, সরিষা বীজ দেওয়া হবে। | মাঠ পর্যায়ে কৃষকদের সার্বিক খোঁজ খবর রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(ঘ) উপজেলা প্রকৌশল বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকৌশলী এলজিইড, কাউখালী |

(ঙ) উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় পশু সম্পদের প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করার জন্য অনুরোধ জানান। | সরকারি নীতিমালা মোতাবেক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(চ) উপজেলা মৎস্য বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা মৎস্য কর্মকর্তা জানান তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। জেলেদের তালিকা হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে। বাজারের জাটকা মাছ সনাক্তকরণের জন্য জাটকা মাপার স্কেল স্থাপন করা হবে মর্মে জানান। | অবৈধ জাল এবং জাটকা ইলিশের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(ছ) যুব উন্নয়ন বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | স্থানীয় যুবকদের নিয়ে প্রশিক্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(জ) সমবায় বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | ঋণ আদায় জোরদার করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, কাউখালী, পিরোজপুর। |

(ঝ) সমাজসেবা বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২১-২০২২ অর্থ বছরের ক্ষুদ্র পেশাজীবি ও প্রান্তিক জনগোষ্ঠীর তালিকা যাচাই বাছাই কার্যক্রম চলমান রয়েছে। | দ্রুত তালিকা দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(ঞ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার দপ্তরের ২০০৬-২০০৭ অর্থবছরের ঋণ বকেয়া রয়েছে। সয়না ও চিরাপাড়া ইউনিয়নের নির্বাচন চলমান থাকায় এই দুইটি ইউনিয়ন বাদে অন্য তিনটি ইউনিয়নের প্রথম পর্যায়ের টিআর, কাবিখার প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিল করার জন্য অনুরোধ জানান। | আমরাজুড়ী, দাখিল করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কাউখালী। চেয়ারম্যান ইউপি সকল |

(ট) পরিবার পরিকল্পনা বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(ঠ) জনস্বাস্থ্য বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপ-সহাকারী জনস্বাস্থ্য প্রকৌশলী জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। সমগ্রদেশে পানি সরবরাহ প্রকল্পের কাজ চলমান ছিল কিন্তু সংশ্লিষ্ট ঠিকাদার মৃত্যুবরণ করায় কার্যক্রম সাময়িক বন্ধ রয়েছে। মাননীয় সংসদ সদস্য কর্তৃক ৩০০ গৃহে পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ প্রকল্পের স্থান কেউন্দিয়া নির্ধারণ করেছেন। তিনি কেউন্দিয়া গ্রামে একটি যথাযথ জায়গা নির্বাচন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ঠিকাদারের প্রতিনিধির সাথে যোগাযোগ করে গভীর নলকূপ স্থাপনের কার্যক্রম চালু করার জন্য উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। কেউন্দিয়া গ্রামে ৩০০ পরিবারের জন্য পাইপ লাইন স্থাপনের জন্য জায়গা নির্ধারণের জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান, কাউখালী সদর ইউনিয়ন পরিষদকে অনুরোধ জানানো হয়। | উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী কাউখালী, পিরোজপুর। |

(ড) মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কাউখালী। |

(ঢ) বন বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা বন কর্মকর্তা জানান যে তার দাপ্তরিক কার্যক্রম কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ঘূর্ণিঝড় আম্ফান এর প্রভাবে রাস্তার পাশে ভেঙ্গে যাওয়া গাছ অপসারণের জন্য আবেদনন পাওয়া গিয়েছে। | যেসকল গাছ ঝুঁকিপূর্ণ অবস্থায় আছে তা অপসারণ করার জন্য পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা বন কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(ণ) মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। | নিয়মিত ল্যাব পরীক্ষা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(ত) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। | ঋণ আদায় কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা । কাউখালী, পিরোজপুর। |

(থ) একটি বাড়ি একটি খামার ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। | ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা । কাউখালী, পিরোজপুর। |

<u>বিবিধ আলোচনা</u>

বিবিধ-ক

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার জানান যে বিগত ০৪ জানুয়ারী ২০২১ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০. ০৪৬.১৮. ১৬০.২০২০-১১নং স্মারকে মুজিব শতবর্ষে কাউখালী উপজেলায় ভূমিহীন ও গৃহহীনদের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে একটি গৃহ নির্মাণের নির্দেশনা রয়েছে। মুজিব শতবর্ষ উপলক্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ প্রদান নীতিমালা ২০২০ মোতাবেক কাউখালী সদর ইউনিয়নের নাঙ্গুলী গ্রামে মোঃ নাসির উদ্দিন, পিতাঃ আলতাফ হাওলাদার এর গৃহ নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। তিনি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে উক্ত টাকা পরিশোধের প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে মুজিব শতবর্ষ উপলক্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ প্রদান নীতিমালা ২০২০ মোতাবেক কাউখালী সদর ইউনিয়নের নাঙ্গুলী গ্রামে মোঃ নাসির উদ্দিন, পিতাঃ আলতাফ হাওলাদার এর গৃহ নির্মাণ ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ১,৭১,০০০/-(এক লক্ষ একাত্তর হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। | ১. চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার কাউখালী, পিরোজপুর। |

বিবিধ-খ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভাপতি জানান যে উপজেলা পরিষদের জীপগাড়ীর দুইটি টায়ার পরিবর্তন ও টুকিটাকি মেরামত বাবদ ৬৩৮০০.০০(তেষট্টি হাজার আটশ টাকার ) বিল পাওয়া গিয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর অনুচ্ছেদ 'ণ' মোতাবেক উপজেলা পরিরদ যানবাহন মেরামতের জন্য রাজস্ব তহবিল থেকে বছরে সর্বোচ্চ ১০০০০০.০০(এক লক্ষ) টাকা ব্যয় করা যাবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের জীপগাড়ীর দুইটি টায়ার পরিবর্তন ও টুকিটাকি মেরামত বাবদ ৬৩৮০০.০০(তেষট্টি হাজার আটশ টাকার ) বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়। | ১. চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার কাউখালী, পিরোজপুর |

বিবিধ-গ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে উন্নয়ন কর্তৃপক্ষসমূহের আওতা বহির্ভূত উপজেলা ও ইউনিয়ন অধিক্ষেত্রাধীণ ইমারত/ স্থাপনার নকশা অনুমোদনের জন্য ০৩টি আবেদন পাওয়া গিয়েছে। স্থানীয় সরকার বিভাগের ১০/০৭/২০১৭খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০. ০১৭. ৯৯. ০০৪.১৫-৫৪২ নং স্মারকে নকশা অনুমোদন ও ভবনের গুণগতমান নিশ্চিতকরণ বিষয়ক কমিটি নিম্নরূপঃ<br>০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ- সভাপতি<br>০২। উপজেলা নির্বাহী অফিসার- সদস্য<br>০৩। সহকারী কমিশনার (ভূমি)- সদস্য<br>০৪। উপজেলা প্রকৌশলী, এলজিইডি- সদস্য<br>০৫। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান- সদস্য<br>০৬। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর প্রতিনিধি- সদস্য<br>০৭। ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স এর প্রতিনিধি- সদস্য<br>০৮। ইনস্টিটিউট অব আর্কিটেক্টস এর প্রতিনিধি- সদস্য<br>০৯। বাংলাদেশ ইনস্টিটিউট অব প্লানারস এর প্রতিনিধি- সদস্য<br>১০। ইন্সটিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স এর প্রতিনিধি- সদস্য<br>১১। সহকারী প্রকৌশলী/ উপ সহকারী প্রকৌশলী- সদস্য সচিব | সভায় বিস্তারিত আলোচনান্তে উন্নয়ন কর্তৃপক্ষসমূহের আওতা বহির্ভূত উপজেলা ও ইউনিয়ন অধিক্ষেত্রাধীণ ইমারত/ স্থাপনার নকশা অনুমোদনের জন্য ক্রমিক নং ০৬ থেকে ১০ এর প্রতিনিধি মনোনয়নের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত এবং সরকারি নীতিমালার আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপ সহকারী প্রকৌশলী,এলজিইডি, কাউখালী, পিরোজপুর কে অনুরোধ জানানো হয়। | ১. চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার<br>কাউখালী, পিরোজপুর<br>৩. উপ-সহকারী প্রকৌশলী<br>এলজিইডি, কাউখালী। |

বিবিধ-ঘ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার বলেন যে কাউখালী উপজেলা পরিষদ ব্যবস্থাপনাধীন হাট বাজার হইতে প্রাপ্ত ইজারালব্দ আয়ের ১৫% অর্থ সংশ্লিষ্ট হাটবাজারের রক্ষনাবেক্ষণ/ উন্নয়ন খাত এবং ১০% অর্থ উপজেলার অন্তর্গত হাটবাজারসমূহের রক্ষনাবেক্ষণ/ উন্নয়ন খাত থেকে বাস্তবায়নের জন্য উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নিম্নোক্ত প্রকল্প সমূহ সুপারিশ করা হয়েছেঃ<br>(১) কাউখালী হাট সংলগ্ন অরুন কুন্ডুর দোকান হতে নদীর পাড় পর্যন্ত রাস্তা সিসিকরণ<br>(২) কাউখালী হাট সংলগ্ন অরুন কুন্ডুর দোকান হতে নদীর পাড় পর্যন্ত ড্রেন ও ঘাটলা নির্মাণ<br>(৩) কাউখালী হাট সংলগ্ন দক্ষিণ বাজার মাংসের সেড থেকে দুলালের হোটেল পর্যন্ত রাস্তা সিসিকরণ ও ড্রেন নির্মাণ<br>(৪) কাউখালী হাট সংলগ্ন লিয়াকতের হোটেল থেকে নদীর পার পর্যন্ত রাস্তা সিসিকরণ ও ড্রেন নির্মাণ<br>(৫) কাউখালী হাট সংলগ্ন দুলালের হোটেল থেকে নদীর পার পর্যন্ত রাস্তা সিসিকরণ ও ড্রেন নির্মাণ<br>(৬) কাউখালী হাট সংলগ্ন কামার পট্টির সামনে রাস্তা সিসিকরণ<br>(৭) কাউখালী হাট সংলগ্ন শফিকের দোকান থেকে কাঠপট্টি হইয়া নদী পর্যন্ত ড্রেন নির্মাণ<br>(৮) উত্তর বাজার জাকিরের দোকান থেকে নদীর পার পর্যন্ত রাস্তা সিসিকরন ও ঘাটলা নির্মাণ<br>(৯) দক্ষিণ বাজার কাঠ পট্টির সামনে থেকে মুক্তিযোদ্ধা কমপ্লেক্স পর্যন্ত রাস্তা সিসিকরণ<br>(১০) উত্তর বাজার মেইন রোড থেকে গোবিন্দ সাহার দোকান পর্যন্ত রাস্তা ও ড্রেণ নির্মাণ। | সভায় বিস্তারিত আলোচনান্তে কাউখালী উপজেলা পরিষদ ব্যবস্থাপনাধীন হাট বাজার হইতে প্রাপ্ত ইজারালব্দ আয়ের ১৫% অর্থ সংশ্লিষ্ট হাটবাজারের রক্ষনাবেক্ষণ/ উন্নয়ন খাত এবং ১০% অর্থ উপজেলার অন্তর্গত হাটবাজার সমূহের রক্ষনাবেক্ষণ/ উন্নয়ন খাত থেকে বাস্তবায়নের জন্য উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রকল্পসমূহ সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। উপজেলা প্রকৌশলীকে অনুমোদিত প্রকল্পসমূহ প্রাক্কলন প্রস্তুতের জন্য অনুরোধ জানানো হয়। | ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ কাউখালী।<br>২. উপজেলা নির্বাহী অফিসার কাউখালী, পিরোজপুর<br>৩.উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কাউখালী<br>৪. চেয়ারম্যান<br>কাউখালী সদর ইউপি<br>কাউখালী, পিরোজপুর। |

বিবিধ-ঙ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার জানান যে বিগত অর্থবছরে অগ্রাধিকার ভিত্তিক গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প-০২ এর আওতায় মাননীয় সংসদ সদস্য মহোদয়ের অনুকূলে বরাদ্দকৃত ০৫ (কোটি) কোটি টাকা থেকে কাউখালী উপজেলায় ০৬টি রাস্তা বাস্তবায়নের জন্য মাননীয় সংসদ সদস্য কর্তৃক অনুমোদিত হয়। এর মধ্যে গত অর্থ বছরে সয়না ইউনিয়ন হোগলা, রঘুনাথপুর, সয়না খেয়াঘাট ও চিরাপাড়া ইউনিয়নের চিরাপাড়া আর এ্যান্ড এইচ থেকে জেএম সরকারি প্রাথমিক বিদ্যালয় ভায়া ডুমজুড়ী রাস্তা দুইটি বাস্তবায়নের কথা ছিল। রাস্তা দুইটি অত্র উপজেলার অত্যান্ত গুরত্বপূর্ণ রাস্তা। কিন্তু দুঃখের বিষয় যথাসময়ে প্রাক্কলন প্রস্তুত না করায় প্রকল্প দুটি বাস্তবায়ন করা সম্ভব হয়নি মর্মে জানা যায়। একই আসনের অন্য দুটি উপজেলা যাথাক্রমে ইন্দুরকানী ও ভান্ডারিয়া যথাসময়ে প্রকল্প দাখিল করায় তাদের প্রকল্প বর্তমানে বাস্তবায়নাধীন। এতে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের অত্র উপজেলায় প্রদত্ত ওয়াদা রক্ষা করা সম্ভব হয়নি। উক্ত এলাকার সাধারণ জনগণ রাস্তা দুইটির অভাবে দুর্ভোগের শিকার হচ্ছে। বর্তমানে উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাস্টার প্লান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় কাউখালী উপজেলা শহরের মধ্যে প্রায় ০৩ কোটি ২৩ লক্ষ টাকার প্রকল্প বিগত আগস্ট/২০২১ মাসের মাসিক সভায় অনুমোদিত হয়েছে। এছাড়াও উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৫ম পর্যায়ে কাউখালী উপজেলা পরিষদের অনুকূলে ৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দকৃত অর্থ থেকে ১০.০০ লক্ষ টাকা উপজেলা পর্যায়ে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ এবং অবশিষ্ট ৪০.০০ লক্ষ টাকা অবকাঠামোগত উন্নয়ন প্রকল্পের প্রস্তাব বিগত অক্টোবর/২১ মাসের মাসিক সভায় অনুমোদিত হয়েছে। একাধিকবার উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা সত্বেও অদ্যাবধি প্রকল্পসমূহের প্রস্তাব সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়নি। জরুরী ভিত্তিতে অনুমোদিত প্রকল্পসমূহের প্রাক্কলন প্রস্তুতপূর্বক পুর্ণাঙ্গ প্রস্তাব সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা না হলে সমুদয় টাকা ফেরত যাওয়ার সম্ভাবনা রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা শহর (নন-মিউনি- সিপ্যাল) মাস্টার প্লান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় অনুমোদিত প্রকল্পসমূহ ও উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৪০.০০ লক্ষ টাকা অবকাঠামোগত উন্নয়ন প্রকল্পের প্রাক্কলন প্রস্তুতপূর্বক পুর্নাঙ্গ প্রস্তাব সংশ্লিষ্ট প্রকল্প অফিসে জরুরী ভিত্তিতে প্রেরণ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, কাউখালী। |

বিবিধ্ চ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা পরিষদ কার্যালয়ে দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োজিত মালী জনাব নাসির ও সুইপার জনাব মোঃ সুমন হোসেন অক্টোবর/২০২১ মাসে ২৬(ছাব্বিশ) দিন উপস্থিত থেকে শ্রম দিয়েছেন। তাদের এ মাসে প্রত্যেকের পাওনা মজুরীর পরিমান (২৬X৫৫০)=১৪৩০০.০০(চৌদ্দ হাজার তিনশ টাকা) মাত্র। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে মালী জনাব নাসির ও সুইপার জনাব মোঃ সুমন হোসেন অক্টোবর/২০২১ মাসে প্রত্যেকের মজুরী বাবাদ ১৪৩০০.০০ (চৌদ্দ হাজার তিনশ টাকা) মাত্র পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। | ১. চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার কাউখালী, পিরোজপুর। |

বিবিধ-ছ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার জানান যে আগামী ১৬ ডিসেম্বর ২০২১ খ্রিঃ স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মহান বিজয় দিবস ২০২১ বর্ণাঢ্য ও জাঁকজমকপূর্ণ ভাবে আয়োজনের লক্ষ্যে উপজেলা পরিষদ চত্বরে নিম্নলিখিত কাজসমূহ করার জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় নির্দেশনা দিয়েছেন।<br>০১। উপজেলা পরিষদ এর প্রধান ফটক মেরামত ও রংকরণ<br>০২। উপজেলা পরিষদ জামে মসজিদ গেট মেরামত ও রংকরণ<br>০৩। উপজেলা পরিষদ চত্বর পরিষ্কার পরিচ্ছন্ন করা<br>০৪। উপজেলা পরিষদ ভবনে হ্যালোজেন লাইট স্থাপন<br>০৫। পুকুর পাড়ের চার পাশে ফুল গাছ লাগানো<br>০৬। উপজেলা পরিষদ ভবনে ফুল গাছ সহ ফুলের টব স্থাপন<br>০৭। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাউন্ডারী ওয়ালের লাইট মেরামত।<br>০৮। উপজেলা পরিষদে স্থাপিত সিসি ক্যামেরা মেরামত ও সংযোজন।<br>০৯। উপজেলা পরিষদের সামনে ঘাটলা মেরামত।<br>উল্লিখিত কাজসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের হতে সম্পাদনের প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ১৬ ডিসেম্বর ২০২১ খ্রিঃ স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মহান বিজয় দিবস ২০২১ বর্ণাঢ্য ও জাঁকজমকপূর্ণ ভাবে আয়োজনের লক্ষ্যে উপজেলা পরিষদ চত্বরে উল্লিখিত কাজসমূহ জরুরী ভিত্তিতে সম্পাদন করে আগামী সভায় বিল ভাউচার দাখিল করার সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। | ১. চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার<br>কাউখালী, পিরোজপুর |

বিবিধ-জ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কাউখালী ও সাধারণ সম্পাদক, অফিসার্স ক্লাব জানান যে কাউখালী উপজেলায় অফিসারদের ও কর্মচারীদের শীতকালীন ব্যাডমিন্টন খেলার জন্য উপজেলা পরিষদের সামনে দুইটি ব্যাডমিন্টন কোর্ট, নেট, লাইট ও খেলার আনুষঙ্গিক মালামাল ক্রয় করার জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানিয়েছেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে উপজেলা পরিষদের সামনে দুইটি ব্যাডমিন্টন কোর্ট ও আনুষঙ্গিক মালামাল ক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়। | ১. চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার<br>কাউখালী, পিরোজপুর |

বিবিধ-ঝ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা কৃষি অফিসার জানান উপজেলা পরিষদ প্রশাসনিক ভবন ও উপজেলা কৃষি অফিসের সামনের ড্রেন ও সেফটি ট্যাংক দীর্ঘদিন পরিষ্কার করা হয়নি। জরুরী ভিত্তিতে ড্রেন ও সেফটি ট্যাংক পরিষ্কার করা প্রয়োজন। এছাড়াও পুরাতন প্রশাসনিক ভবনের পিছনের ঝোপঝাড় পরিষ্কার পরিচ্ছন্ন করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে উপজেলা পরিষদ প্রশাসনিক ভবন ও উপজেলা কৃষি অফিসের সামনের ড্রেন ও সেফটি ট্যাংক পরিষ্কার এবং পুরাতন প্রশাসনিক ভবনের পিছনের ঝোপঝাড় পরিষ্কার পরিচ্ছন্ন করার সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। | ১. চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার<br>কাউখালী, পিরোজপুর |

বিবিধ-ঞ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার জানান যে জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের পানির মর্টার পরিবর্তন, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও গণপাঠাগার ভবনের নতুন পানির মর্টার স্থাপন ও পানির লাইন মেরামত করা প্রয়োজন। এছাড়াও উপজেলা পরিষদ কার্যালয়ের কম্পিউটার ও ফটোকপি মেশিন মেরামত করা প্রয়োজন। তিনি উক্ত কাজ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে সম্পাদনের প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের পানির মর্টার পরিবর্তন, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও গণপাঠাগার ভবনের নতুন পানির মর্টার স্থাপন, পানির লাইন মেরামত ও উপজেলা পরিষদ কার্যালয়ের কম্পিউটার ও ফটোকপি মেশিন মেরামত কাজ সম্পাদন করে আগামী সভায় বিল ভাউচার দাখিল করার সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়। | ১. চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার<br>কাউখালী, পিরোজপুর |

বিবিধ-ট

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভাপতি জানান যে তার কার্যালয়ে সরকারি কাজের জন্য ব্যবহৃত প্যাড এবং বিভিন্ন অফিসের বিতরণের জন্য উপজেলা পরিষদের ডায়েরী শেষ হয়ে গিয়েছে। তিনি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে প্যাড ও ডায়েরী ক্রয়ের জন্য প্রস্তাব করেন। এছাড়াও উপজেলা পরিষদ হলরুমের আইপিএস হঠাৎ করে বিকল হয়ে যাওয়ায় নতুন একটি আইপিএস সংযোজন করার প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ কার্যালয়ের জন্য ব্যবহৃত প্যাড ও ডায়েরী এবং সভাকক্ষে নতুন একটি আইপিএস উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে ক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়। | ১. চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার কাউখালী, পিরোজপুর |

বিবিধ-ঠ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার জানান যে কাউখালী স্বরুপকাঠী সড়কে দাসেরকাঠী বেইলী ব্রীজ সংলগ্ন একটি পুরাতন সেমিপাকা বিল্ডিং রয়েছে। বিল্ডিংটি রাস্তার প্রায় অর্ধেক জায়গা দখল করে সাধারণ যানবাহন ও দুরপাল্লার যানবাহন চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করছে। যেকোন সময় বড় ধরণের দুর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে। বিল্ডিংটি অপসারণ করা জরুরী।<br>চেয়ারম্যান চিরাপাড়া ইউনিয়ন পরিষদ জানান যে বেকুটিয়া ফেরিঘাটে অননুমোদিত ট্রলার চলাচল করে এবং অতিরিক্ত ভাড়া আদায়ের অভিযোগ রয়েছে এছাড়াও ফেরি প্লান্টুন থেকে মূল রাস্তায় উঠার এপ্রোজে খানা খন্দর আছে। জরুরী ভিত্তিতে এপ্রোজ মেরামত করা দরকার। এছাড়াও সড়ক ও জনপথ বিভাগের বেশ কিছু ঝুকিপূর্ণ সেতু রয়েছে যা মেরামত করা প্রয়োজন।<br>চেয়ারম্যান, কাউখালী সদর ইউপি জানান যে কাউখালী ডাক বাংলোর মোড় থেকে বাসস্ট্যান্ড পর্যন্ত সড়ক ও জনপদের রাস্তাটি জরাজীর্ণ অবস্থায় আছে। বর্ষামৌসুমে সম্পূর্ণ রাস্তায় পানি জমে থাকে বিধায় সাধারণ জনগণ চরম ভোগান্তির শিকার হয়েছে। রাস্তাটি উপজেলা শহরে প্রবেশের প্রধান সড়ক হওয়ায় আগামী বর্ষা মৌসুমের আগে মেরামত করা অতীত জরুরী। | সভায় বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপদ অধিদপ্তর, পিরোজপুর বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়। | ১. চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার কাউখালী, পিরোজপুর |

বিবিধ-ড

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভাপতি জানান যে উপজেলা পরিষদের বিভিন্ন স্থানে ছড়িয়ে ছিটিয়ে থাকা পুরাতন মালামাল রয়েছে। যা পরিষদের সৌন্দর্য্য নষ্ট করছে। পুরাতন মালামাল নিলামে বিক্রয় করা প্রয়োজন। এছাড়াও উপজেলা পরিষদ কার্যালয়ের বিভিন্ন সভার আপ্যায়নের জন্য একটি পানির ফিল্টার ও একটি কফি মেশিন ক্রয় করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ চত্তরে অবস্থিত বিভিন্ন পুরাতন মালামাল তালিকা প্রস্তুতপূর্বক নিলাম বিক্রয় করে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জমা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। উপজেলা পরিষদ কার্যালয়ের জন্য দুইটি পানির ফিল্টার ও একটি কফি মেশিন ক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। | ১. চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার কাউখালী, পিরোজপুর<br>৩. উপজেলা নিলাম বিক্রয় কমিটি, কাউখালী।ম |

বিবিধ-ঢ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| চেয়ারম্যান, ০৫নং শিয়ালকাঠী ইউপি জানান যে সাপ্তাহিক হাটের দিনে সরকারি কে.জি স্কুল থেকে চিরাপাড়া ব্রীজ পর্যন্ত ব্যাপক যানজট সৃষ্টি হয়। সুপারি ব্যবসায়ীরা অপরিকল্পিতভাবে রাস্তার দুই পাশে সুপারি বিক্রি করে। যে কোন সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান যে মাননীয় সংসদ সদস্য মহোদয় সরকারি কে.জি ইউনিয়ন উচ্চ বিদ্যালয় মাঠ সংরক্ষণ ও যানজট নিরসনের জন্য স্কুল থেকে চিরাপাড়া ব্রীজ পর্যন্ত গাইড ওয়াল নির্মার্ণের বরাদ্দ প্রদান করেছেন। ইতোমধ্যে কাজ শুরু হয়েছে। প্রকল্পটি বাস্তবায়ন হলে খেলার মাঠটি যেমন সরংক্ষিত থাকবে তেমনি রাস্তা সম্প্রসারিত হওয়ায় যানজন নিরসন হবে।<br>চেয়ারম্যান, কাউখালী সদর ইউপি ও চিরাপাড়া ইউপি জানান যে ব্রীজের ঢাল থেকে সুপাড়ি হাট স্থানান্তর করা না হলে যানজট নিরসন হবেনা। এছাড়াও বাজারের স্বাভাবিক চলাচল ফিরিয়ে আনার জন্য অবৈধ দখল উচ্ছেদ করতে হবে। সভায় এ বিষয়ে সকল সদস্য একমত পোষন করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতভাবে গৃহিত হয়ঃ<br>০১। সরকারি কে.জি স্কুল থেকে চিরাপাড়া ব্রীজের ঢাল পর্যন্ত এবং বাজারের সকল রাস্তার দুই পাশের অবৈধ দখল উচ্ছেদ করে বাজারে চলাচলের স্বাভাবিক গতিপথ ফিরিয়ে আনার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>০২। দক্ষিণ বাজার ইকো পার্কের সামনে সুপারি বাজার স্থানান্তরের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>০৩। প্রস্তাবিত সুপারি বাজারে ইটসলিং ও টোল সেড নির্মাণের জন্য উপজেলা হাট-বাজার রক্ষণাবেক্ষণ খাত থেকে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১. চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার<br>কাউখালী, পিরোজপুর<br>৩. উপজেলা নিলাম বিক্রয় কমিটি, কাউখালী।<br>৪. চেয়ারম্যান<br>কাউখালী সদর ইউপি<br>৫.চেয়ারম্যান<br>চিরাপাড়া পারসাতুরিয়া ইউপি |

বিবিধ-ণ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার জানান যে বেকুটিয়া পয়েন্টে কচা নদীর উপড় নির্মিত সেতু বাংলাদেশ সাংবাদিকতা জগতের প্রাবদপ্রতিম পুরুষ মরহুম "তফাজ্জল হোসেন মানিক মিয়া সেতু" নামে নামকরণের জন্য এলাকাবাসীর দাবির প্রেক্ষিতে চেয়ারম্যান, ০৫নং শিয়ালকাঠী ইউনিয়ন পরিষদ একটি আবেদন করেছেন। তিনি আবেদনখানা সভায় পাঠ করে শোনান। | সভায় বিস্তারিত আলোচনান্তে বেকুটিয়া পয়েন্টে কচা নদীর উপড় নির্মিত সেতুর নাম "তফাজ্জল হোসেন মানিক মিয়া সেতু" নামে নামকরণের জন্য উর্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১. চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার<br>কাউখালী, পিরোজপুর |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করা হয়।

(মোঃ আবু সাঈদ মিঞা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কাউখালী, পিরোজপুর।

স্মারক নং ঃ ০৫.১০.৭৯৪৭.০০০.০০.০০০.২১- ৭৮০

তারিখ ঃ ২২/১১/২০২১ খ্রিঃ।

অনুলিপি ঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১. জনাব আনোয়ার হোসেন মঞ্জু, মাননীয় সংসদ সদস্য, পিরোজপুর-০২।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, পিরোজপুর।
০৪. উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, কাউখালী, পিরোজপুর।
০৫. উপজেলা ............................................................ কর্মকর্তা, কাউখালী, পিরোজপুর।
০৬. চেয়ারম্যান,সয়না-রঘুনাথপুর/ আমরাজুড়ি/ কাউখালী সদর/ চিরাপাড়া-পারসাতুরিয়/ শিয়ালকাঠী ইউপি, কাউখালী, পিরোজপুর।
০৭. জনাব............................................................................, কাউখালী, পিরোজপুর।

২১/১১/২১
(মোছাঃ খালেদা খাতুন রেখা)
উপজেলা নির্বাহী অফিসার
কাউখালী, পিরোজপুর।